# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ৩. ৬. মানুষের উপর মল ঢেলে দেওয়া

ঈশ্বর ক্রুদ্ধ হলে মানুষের উপর বিষ্ঠা বা মল ঢেলে দেবেন বলে জানিয়েছেন: মালাখি ২/৩-এ ঈশ্বর বলছেন: “Behold, I will corrupt your seed, and spread dung upon your faces, even the dung of your solemn feasts; and one shall take you away with it”: “আমি তোমাদের সন্তানদেরকে দূষিত-বিনষ্ট করব, তোমাদের মুখের উপর মল ঢেলে দেব, তোমাদের পবিত্র উৎসবের মল এবং মলসহই মানুষেরা তোমাদের দূরে নিয়ে যাবে।” কেরি: “দেখ, আমি তোমাদের জন্য বীজকে ভৎর্সনা করিব, ও তোমাদের মুখে বিষ্ঠা অর্থাৎ তোমাদের উৎসব সকলের বিষ্ঠা ছড়াইব, এবং লোকেরা তাহার সহিত তোমাদিগকে লইয়া যাইবে।” কিতাবুল মোকাদ্দস-০৬: “তোমাদের দরুনই আমি তোমাদের বংশধরদের শাস্তি দেব; তোমাদের ঈদের কোরবানীর পশুর ময়লা আমি তোমাদের মুখে মাখিয়ে দেব এবং সেই ময়লা সুদ্ধই তোমাদের দূর করে দেওয়া হবে।” আরো দেখুন নাহূম ৩/৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14512

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন